



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং-২১/২০১৯

তারিখ : ২৫ মাঘ ১৪২৫  
৭ ফেব্রুয়ারী ২০১৯

সমন্বিতভাবে ৪টি ব্যাংকে 'সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)' পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের  
MCQ Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে সমন্বিতভাবে ৪টি ব্যাংকে (জনতা, রূপালী, কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ) 'সহকারী প্রকৌশলী (ইলেক্ট্রিক্যাল)' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টাব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২৩/০২/২০১৯ তারিখ শনিবার, বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত সেন্ট্রাল উইমেন্স কলেজ, ১৩/২ অভয় দাস লেন, টিকাটুলী, ঢাকা ১২০৩-এ অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে পরীক্ষা শুরু অব্যবহিত পূর্ব পর্যন্ত সংগ্রহ করার জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, প্রবেশপত্রের একাধিক কপি ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ না করার নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত

(নূরুন্ নাহার)

মহাব্যবস্থাপক

ও

সদস্য-সচিব, বিএসসি